# CHAIRMAN'S STATEMENT



**MD. ANWARUL HAQUE**
CHAIRMAN

**DEAR SHAREHOLDERS,**

It is my privilege to welcome our shareholders to the 27th Annual General Meeting of Mercantile Bank PLC. and to place before the audited Annual Report and financial statements for the year ended 31 December 2025. The year under review was, by any reasonable measure, one of the most testing years our industry has navigated in recent memory — and within that context, our institution recorded measurable progress across several important dimensions, even as substantive work remains in others.

## A YEAR OF RECALIBRATION AT HOME AND ABROAD

The year 2025 unfolded against a global backdrop that remained demanding. Global growth held at around 3.3%, with disinflation progressing unevenly across major economies and central banks moving more cautiously on rate adjustments than markets had anticipated. Geopolitical tensions and the continued recalibration of global trade flows shaped the operating environment for emerging-market banks throughout the year.

At home, Bangladesh navigated a year of significant adjustment. GDP growth in FY2025 settled at 3.49%, reflecting tighter monetary conditions and the cyclical absorption of the country's reform programme.

> THE 2025 FINANCIAL YEAR REPRESENTS A STEP FORWARD IN OUR JOURNEY OF DISCIPLINED, PRINCIPLE-LED BANKING. IN THIS YEAR, WE HELD TO THE PRINCIPLES AND THE PATIENCE THAT HAVE DEFINED THIS INSTITUTION THROUGH EVERY CYCLE. THE WORK OF STRENGTHENING IT FURTHER CONTINUES WITH THE SAME CARE AND DISCIPLINE THAT THE MOMENT REQUIRES.

Inflation remained elevated, closing December at 8.49% point-to-point. In response, Bangladesh Bank maintained a contractionary stance. Exchange-rate stabilisation, the recovery of foreign-exchange reserves to comfortable levels, and record remittance inflows together restored an external footing materially stronger than the country entered the year on. The orderly completion of the political transition and the national election further consolidated institutional continuity, laying the basis for renewed reform momentum through 2026. For our Bank, this environment shaped both the opportunities we pursued and the discipline with which we pursued them.

## THE YEAR IN OPERATING CONTEXT

The 2025 financial year saw Mercantile Bank PLC. deliver measurable improvement across several key indicators against a backdrop of exceptional industry stress. Net profit after tax rose by 90.10% to BDT 119.99 crore. Our deposit base expanded by 10.81% to BDT 37,978.75 crore, channelling approximately BDT 3,706 crore of net stable funding into the institution within a single year at a time when depositors across the country were carefully reassessing where their savings belonged. Asset quality showed improvement, with the non-performing loan ratio moving from 17.25% to 15.19% — a position that still requires sustained attention. Total assets expanded by 7.47% to BDT 47,788.75 crore, operating profit before provisions and tax rose modestly to BDT 581.70 crore, and earnings per share recovered to BDT 1.08.

These outcomes reflect the operational discipline and considered judgment applied through the year. The Bank's cost-to-income ratio improved to 58.13% from 60.06% — a creditable outcome in a year of double-digit inflation, earned through sustained cost management and the careful redirection of resources. We approach the position with measured confidence: the direction of travel is constructive, while the work of further strengthening the Bank remains substantial.

## BUILDING FROM WITHIN

Several developments through the year strengthened the institution's underlying foundations. The growth in stable, longer-duration deposits, with scheme deposits rising 51.66% to BDT 8,446.76 crore, reflects the trust our customers continue to place in this Bank, even as deposit competition across the system intensified. The deliberate redeployment of liquidity into government securities, which expanded our investment portfolio by 43.40% to BDT 12,785.36 crore, generated BDT 934.84 crore of investment income — an outcome that helped offset the cyclical compression in net interest income during the year. The Common Equity Tier-I ratio strengthened modestly to 8.68% from 8.13% through retained earnings — building the highest-quality form of capital from within, though the overall Capital to Risk-Weighted Asset Ratio at 12.52% remains a position requiring continued attention and rebuilding over the coming years.

Our subsidiaries — Mercantile Bank Securities Limited, MBL Asset Management Limited, and Mercantile Exchange House (UK) Limited — each recording developments collectively represent considered progress.

## DRIVING NATIONAL PROGRESS: ANCHORING TRADE, REMITTANCE AND INCLUSIVE GROWTH

Mercantile Bank PLC. continued to serve as an active partner in the broader economic life of Bangladesh through 2025. We facilitated import business of BDT 25,005.71 crore and export business of BDT 20,585.02 crore, connecting Bangladeshi enterprise to global markets and supporting the country's gradual recovery in external trade activity. Through our domestic network and our UK Exchange House, we channelled remittance inflows that contributed to the foreign-exchange resilience underpinning the country's external stabilisation. We participated in Bangladesh Bank's directed-lending priorities — extending finance to women entrepreneurs, small and medium enterprises, agro-processing industries, certified green buildings, and other

priority segments aligned with national development objectives. And we discharged our fiscal responsibilities to the State in full, contributing to the national exchequer through corporate taxation, withholding taxes, excise duty, and VAT collections — affirming our role as a responsible corporate citizen.

### COMMITMENT TO GOOD GOVERNANCE: REINFORCING THE ARCHITECTURE OF TRUST

In a year that tested confidence in the banking sector with rare intensity, governance functioned as an essential source of institutional strength. The Board remained closely engaged throughout the year, exercising oversight with the seriousness the operating environment demanded. Governance practices were aligned with the BSEC Corporate Governance Code 2018, the directives of Bangladesh Bank, and the wider expectations of the regulatory community. The Audit Committee, the Risk Management Committee, and the Executive Committee each discharged their mandates with the independence and rigour that effective governance requires. Internal audit continued to report directly to the Audit Committee, preserving the chain of assurance on which institutional credibility rests.

**7.47%**

GROWTH OF TOTAL ASSETS IN 2025

### THE PATH FORWARD: CONTINUED STRENGTHENING AND CALIBRATED GROWTH

The 2025 financial year represents a step forward in our journey of disciplined, principle-led banking. In this year, we held to the principles and the patience that have defined this institution through every cycle. The work of strengthening it further continues with the same care and discipline that the moment requires.

As we look toward 2026, the operating environment remains demanding, and the path forward calls for sustained discipline rather than premature confidence. The International Monetary Fund projects Bangladesh's growth at approximately 4.7% in FY2026, with a gradual return toward the medium-term potential of six per cent. Inflation is expected to moderate progressively. The banking sector will advance further into the Expected Credit Loss regime and the more forward-looking discipline of Risk-Based Supervision — regulatory transitions that will require continued capability investment, careful preparation, and active engagement with Bangladesh Bank. For our institution, the outlook is one of selective opportunity coupled with sustained focus on the substantive work that remains.

The strategic priorities for the year ahead are clear and disciplined: to drive continued improvement in asset quality through intensified recovery, structured workout of stressed exposures, and disciplined origination practices; to rebuild capital strength meaningfully above the regulatory minimum through retained earnings, optimisation of risk-weighted assets, and where appropriate the careful deployment of capital instruments; to deepen our retail and SME franchises as the enduring foundations of stable, long-term funding; to restore net interest margin as policy rates moderate; to broaden our non-interest income streams across trade finance, card business, treasury operations, and digital channels; and to embed sustainability and climate considerations as integral elements of every lending decision we make. These priorities are not isolated initiatives but strands of a single, coherent strategy — designed to strengthen the institution further over the coming years, with patience, discipline, and steady execution.

### APPRECIATION

The 2025 financial year represents a step forward in our journey of disciplined, principle-led banking. In this year, we held to the principles and the patience that have defined this institution through every cycle. The work of strengthening it further continues with the same care and discipline that the moment requires.

The progress of 2025 was made possible by the stewardship, support, and trust of many partners, and I close these reflections by recognising them with gratitude.

To Bangladesh Bank, the Bangladesh Securities and Exchange Commission, the Financial Reporting Council, the National Board of Revenue, the Dhaka and Chittagong Stock Exchanges, and RJSC&F — we extend our sincere appreciation for the stewardship of the financial sector and for the constructive, principled engagement that has shaped this year's results. Their guidance, vigilance, and commitment to the long-term health of the financial system remain foundational to all that responsible banking aspires to be.

To my esteemed fellow Directors on the Board of Mercantile Bank PLC. — my sincere gratitude for the engagement, judgement, and discipline you have brought to every deliberation and every decision of this past year. The progress of this institution owes much to the quality of counsel that flows from this Board.

To our Managing Director and to every colleague across Mercantile Bank PLC. and our subsidiaries — the operating results placed before this Annual General Meeting reflect your sustained, often unseen effort across a year of considerable complexity. To each of you, my thanks for the dedication, care, and professionalism that animate this Bank day after day.

And to our shareholders, our customers, and our partners — your confidence remains the foundation on which we operate. We are honoured to be the custodians of that trust, and we are committed to continuing to earn it through patient, disciplined, and considered work over the years ahead.

May Almighty Allah continue to bless our shared journey and guide us toward greater heights.

**Md. Anwarul Haque**
Chairman, Board of Directors

# চেয়ারম্যানের বক্তব্য

**সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,**

মার্কেন্টাইল ব্যাংক পিএলসি.-এর ২৭তম বার্ষিক সাধারণ সভায় আমাদের শেয়ারহোল্ডারবৃন্দকে স্বাগত জানাতে পেরে এবং ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখে সমাপ্ত বছরের নিরীক্ষিত বার্ষিক প্রতিবেদন ও আর্থিক বিবরণী আপনাদের সম্মুখে উপস্থাপন করতে পেরে আমি আনন্দিত। আলোচ্য বছরটি ছিল আমাদের ব্যাংকিং খাতের জন্য সাম্প্রতিক সময়ের অন্যতম চ্যালেঞ্জিং বছর। তবুও এই প্রেক্ষাপটে আমাদের প্রতিষ্ঠান বিভিন্ন গুরুত্বপূর্ণ ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে, যদিও অন্যান্য ক্ষেত্রে গুরুত্বপূর্ণ কাজ অবশিষ্ট রয়েছে।

### দেশ ও বিশ্বের প্রেক্ষাপটে পুনর্বিন্যাসের একটি বছর

২০২৫ সাল বৈশ্বিক অর্থনীতির জন্যও ছিল একটি কঠিন সময়। বৈশ্বিক প্রবৃদ্ধি প্রায় ৩.৩% হারে স্থিতিশীল ছিল, তবে মূল্যস্ফীতি নিয়ন্ত্রণের অগ্রগতি ছিল অসম। বিভিন্ন দেশের কেন্দ্রীয় ব্যাংক সুদের হার সমন্বয়ে বাজারের প্রত্যাশার তুলনায় বেশি সতর্ক ছিল। ভূ-রাজনৈতিক উত্তেজনা এবং বৈশ্বিক বাণিজ্যের নতুন বিন্যাস উদীয়মান অর্থনীতির ব্যাংকগুলোর জন্য চ্যালেঞ্জ তৈরি করে।

দেশীয় পর্যায়ে, বাংলাদেশ একটি গুরুত্বপূর্ণ সমন্বয়ের বছর অতিক্রম করেছে। ২০২৫ অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধি ৩.৪৯ শতাংশে দাঁড়ায়, যা কঠোর মুদ্রানীতি এবং দেশের সংস্কার কর্মসূচির চক্রাকার প্রভাবের প্রতিফলন। মূল্যস্ফীতি উচ্চ পর্যায়ে অবস্থান করেছে এবং ডিসেম্বর শেষে পয়েন্ট-টু-পয়েন্ট ভিত্তিতে ৮.৪৯ শতাংশে দাঁড়ায়। এর প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংক সংকোচনমূলক নীতি বজায় রাখে। বিনিময় হার স্থিতিশীলতা, বৈদেশিক মুদ্রার রিজার্ভের স্বস্তিদায়ক পর্যায়ে পুনরুদ্ধার এবং রেকর্ড পরিমাণ রেমিট্যান্স প্রবাহ সম্মিলিতভাবে দেশের বহিঃখাতকে বছরের শুরুতে যে অবস্থায় ছিল তার তুলনায় উল্লেখযোগ্যভাবে শক্তিশালী করেছে। রাজনৈতিক রূপান্তর এবং জাতীয় নির্বাচন সুশৃঙ্খলভাবে সম্পন্ন হওয়ায় প্রাতিষ্ঠানিক ধারাবাহিকতা আরও সুসংহত হয়েছে, যা ২০২৬ সালের সংস্কার কর্মসূচির জন্য নতুন গতি সঞ্চারের ভিত্তি স্থাপন করেছে। আমাদের ব্যাংকের জন্য, এই পরিবেশ যেমন নতুন সুযোগ সৃষ্টি করেছে, তেমনি সেই সুযোগগুলো অনুসরণের ক্ষেত্রে শৃঙ্খলা ও সতর্কতাও নির্ধারণ করেছে।

### বছরের পরিচালনাগত প্রেক্ষাপট

২০২৫ অর্থবছরে মার্কেন্টাইল ব্যাংক পিএলসি. শিল্পখাতজুড়ে বিরাজমান ব্যতিক্রমী চাপের মধ্যেও বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ সূচকে পরিমাপযোগ্য উন্নতি অর্জন করেছে। কর-পরবর্তী নিট মুনাফা ৯০.১০ শতাংশ বৃদ্ধি পেয়ে ১১৯.৯৯ কোটি টাকায় উন্নীত হয়েছে—যা আয়ের ক্ষেত্রে একটি তাৎপর্যপূর্ণ পুনরুদ্ধার। আমাদের আমানতভিত্তি ১০.৮১ শতাংশ বৃদ্ধি পেয়ে ৩৭,৯৭৮.৭৫ কোটি টাকায় পৌঁছেছে, যার ফলে এক বছরের মধ্যেই প্রায় ৩,৭০৬ কোটি টাকার নিট স্থিতিশীল তহবিল ব্যাংকে যুক্ত হয়েছে। এমন এক সময়ে এই অর্জন এসেছে যখন দেশের আমানতকারীরা তাদের সঞ্চয় কোথায় রাখবেন সে বিষয়ে অত্যন্ত সতর্কতার সঙ্গে পুনর্বিবেচনা করছিলেন।

সম্পদের গুণগত মানেও উন্নতি হয়েছে। খেলাপি ঋণের হার ১৭.২৫ শতাংশ থেকে কমে ১৫.১৯ শতাংশে নেমে এসেছে, যদিও এই অবস্থান আরও ধারাবাহিক মনোযোগ দাবি করে।

মোট সম্পদ ৭.৪৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ৪৭,৭৮৮.৭৫ কোটি টাকায় উন্নীত হয়েছে। প্রভিশন ও কর-পূর্ব পরিচালন মুনাফা সামান্য বৃদ্ধি পেয়ে ৫৮১.৭০ কোটি টাকায় দাঁড়িয়েছে এবং শেয়ারপ্রতি আয় (EPS) পুনরুদ্ধার হয়ে ১.০৮ টাকায় পৌঁছেছে।

এই ফলাফলগুলো বছরের পুরো সময়জুড়ে অনুসৃত কার্যকর পরিচালন শৃঙ্খলা ও বিচক্ষণ সিদ্ধান্ত গ্রহণের প্রতিফলন। ব্যাংকের ব্যয়-আয় অনুপাত ৬০.০৬ শতাংশ থেকে কমে ৫৮.১৩ শতাংশে দাঁড়িয়েছে—যা দ্বি-অঙ্কের মূল্যস্ফীতির বছরেও একটি প্রশংসনীয় সাফল্য। এটি অর্জিত হয়েছে ধারাবাহিক ব্যয় নিয়ন্ত্রণ এবং সম্পদের সুচিন্তিত পুনর্বিন্যাসের মাধ্যমে।

আমরা এই অবস্থানকে পরিমিত আত্মবিশ্বাসের সঙ্গে মূল্যায়ন করি। অগ্রগতির দিকনির্দেশনা ইতিবাচক হলেও ব্যাংককে আরও শক্তিশালী করার কাজ এখনও ব্যাপক এবং তা অব্যাহত রয়েছে।

### ভিতর থেকে ভিত্তি শক্তিশালীকরণ

বছরজুড়ে বেশ কয়েকটি অগ্রগতি প্রতিষ্ঠানের অন্তর্নিহিত ভিত্তিকে শক্তিশালী করেছে। দীর্ঘমেয়াদি ও স্থিতিশীল আমানতের প্রবৃদ্ধি, বিশেষত স্কিম আমানত ৫১.৬৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ৮,৪৪৬.৭৬ কোটি টাকায় উন্নীত হওয়া, ব্যাংকের প্রতি গ্রাহকদের অব্যাহত আস্থার প্রতিফলন। এমনকি যখন পুরো ব্যাংকিং ব্যবস্থায় আমানত সংগ্রহে প্রতিযোগিতা তীব্রতর হচ্ছিল, তখনও এই আস্থা অটুট ছিল।

তারল্য ব্যবস্থাপনার অংশ হিসেবে সরকারি সিকিউরিটিজে পরিকল্পিত বিনিয়োগ বৃদ্ধির ফলে আমাদের বিনিয়োগ পোর্টফোলিও ৪৩.৫০ শতাংশ বৃদ্ধি পেয়ে ১২,৭৮৫.৩৬ কোটি টাকায় পৌঁছেছে। এর মাধ্যমে ৯৩৪.৮৪ কোটি টাকার বিনিয়োগ আয় অর্জিত হয়েছে, যা বছরের মধ্যে নিট সুদ আয়ের চক্রাকার সংকোচনের প্রভাব আংশিকভাবে মোকাবিলায় সহায়তা করেছে।

সংরক্ষিত আয়ের মাধ্যমে কমন ইকুইটি টিয়ার-১ (CET-1) অনুপাত ৮.১৩ শতাংশ থেকে সামান্য বৃদ্ধি পেয়ে ৮.৬৮ শতাংশে উন্নীত হয়েছে। এটি প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ উৎস থেকে সর্বোচ্চ মানের মূলধন গঠনের প্রতিফলন। তবে ঝুঁকি-ভারযুক্ত সম্পদের বিপরীতে মোট মূলধন অনুপাত (Capital to Risk-Weighted Asset Ratio) ১২.৫২ শতাংশে অবস্থান করছে, যা আগামী বছরগুলোতে আরও শক্তিশালী করার জন্য অব্যাহত মনোযোগের দাবি রাখে।

আমাদের সহযোগী প্রতিষ্ঠানসমূহ— মার্কেন্টাইল ব্যাংক সিকিউরিটিজ লিমিটেড, এমবিএল অ্যাসেট ম্যানেজমেন্ট লিমিটেড এবং মার্কেন্টাইল এক্সচেঞ্জ হাউস (ইউকে) লিমিটেড— প্রত্যেকেই নিজ নিজ ক্ষেত্রে কার্যসম্পাদন করেছে, যা সম্মিলিতভাবে আমাদের সুপরিকল্পিত ও ধারাবাহিক উন্নয়নের প্রতিফলন।

### জাতীয় অগ্রগতিতে অবদান: বাণিজ্য, রেমিট্যান্স ও অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধির নোঙর

২০২৫ সালজুড়ে মার্কেন্টাইল ব্যাংক পিএলসি. বাংলাদেশের সামগ্রিক অর্থনৈতিক কর্মকাণ্ডের একটি সক্রিয় অংশীদার হিসেবে কাজ করে গেছে। আমরা ২৫,০০৫.৭১ কোটি টাকার আমদানি ব্যবসা এবং ২০,৫৮৫.০২ কোটি টাকার রপ্তানি ব্যবসা পরিচালনা করেছি, যার মাধ্যমে বাংলাদেশের ব্যবসা-বাণিজ্যকে বৈশ্বিক বাজারের সঙ্গে সংযুক্ত রাখতে এবং দেশের বৈদেশিক বাণিজ্যের ধীরগতির পুনরুদ্ধারকে সমর্থন করতে ভূমিকা রেখেছি।

আমাদের দেশীয় নেটওয়ার্ক এবং যুক্তরাজ্যভিত্তিক এক্সচেঞ্জ হাউসের মাধ্যমে আমরা উল্লেখযোগ্য পরিমাণ রেমিট্যান্স প্রবাহ দেশের অর্থনীতিতে প্রবেশের সুযোগ সৃষ্টি করেছি, যা দেশের বৈদেশিক মুদ্রা খাতের স্থিতিশীলতা জোরদারে সহায়ক হয়েছে।

বাংলাদেশ ব্যাংকের নির্দেশিত অগ্রাধিকারমূলক ঋণ কর্মসূচির আওতায় আমরা নারী উদ্যোক্তা, ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই), কৃষিভিত্তিক প্রক্রিয়াজাত শিল্প, পরিবেশবান্ধব প্রত্যয়িত ভবন এবং অন্যান্য গুরুত্বপূর্ণ খাতে অর্থায়ন প্রদান করেছি, যা জাতীয় উন্নয়ন লক্ষ্যের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।একই সঙ্গে আমরা রাষ্ট্রের প্রতি আমাদের আর্থিক দায়বদ্ধতা যথাযথভাবে পালন করেছি। কর্পোরেট কর, উৎসে

কর, আবগারি শুল্ক এবং ভ্যাট সংগ্রহ ও পরিশোধের মাধ্যমে জাতীয় রাজস্ব ভাণ্ডারে অবদান রেখে আমরা একজন দায়িত্বশীল কর্পোরেট নাগরিক হিসেবে আমাদের ভূমিকা পালন করেছি।

## সুশাসনের প্রতি অঙ্গীকার: আস্থার স্থাপত্যের পুনঃসুদৃঢ়করণ

যে বছর ব্যাংকিং খাতের প্রতি আস্থা বিরল মাত্রায় পরীক্ষার মুখোমুখি হয়েছে, সেই বছরে সুশাসন আমাদের প্রতিষ্ঠানের অন্যতম প্রধান শক্তি হিসেবে কাজ করেছে। পরিচালনা পর্ষদ সারা বছর ঘনিষ্ঠভাবে কার্যক্রম তদারকি করেছে এবং পরিস্থিতির গুরুত্ব বিবেচনায় প্রয়োজনীয় দায়িত্বশীলতা ও বিচক্ষণতার সঙ্গে তাদের ভূমিকা পালন করেছে। আমাদের সুশাসন কাঠামো বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (BSEC) কর্পোরেট গভর্ন্যান্স কোড ২০১৮, বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা এবং নিয়ন্ত্রক সংস্থাগুলোর প্রত্যাশার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ছিল। অডিট কমিটি, রিস্ক ম্যানেজমেন্ট কমিটি এবং এক্সিকিউটিভ কমিটি প্রত্যেকেই স্বাধীনতা, পেশাদারিত্ব এবং কঠোর মানদণ্ডের সঙ্গে তাদের দায়িত্ব পালন করেছে।অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ সরাসরি অডিট কমিটির নিকট প্রতিবেদন প্রদান অব্যাহত রেখেছে, যার ফলে প্রতিষ্ঠানের জবাবদিহিতা ও নির্ভরযোগ্যতার ভিত্তি অক্ষুণ্ণ রয়েছে।

## সম্মুখপথ: ধারাবাহিক শক্তিশালীকরণ ও ভারসাম্যপূর্ণ প্রবৃদ্ধি

২০২৫ অর্থবছর আমাদের শৃঙ্খলাবদ্ধ ও নীতিনিষ্ঠ ব্যাংকিং অভিযাত্রায় একটি গুরুত্বপূর্ণ অগ্রগতির মাইলফলক। এ বছরে আমরা সেই নীতি, মূল্যবোধ ও ধৈর্যের প্রতি অবিচল থেকেছি, যা প্রতিটি পরিবর্তনশীল সময়পর্বে এ প্রতিষ্ঠানকে পথ দেখিয়েছে। প্রতিষ্ঠানটিকে আরও শক্তিশালী ও সক্ষম করে তোলার প্রচেষ্টা অব্যাহত রয়েছে, এবং সেই প্রচেষ্টা বর্তমান সময়ের দাবি অনুযায়ী একই সতর্কতা, বিচক্ষণতা ও শৃঙ্খলার সঙ্গে পরিচালিত হচ্ছে।

আমরা যখন ২০২৬ সালের দিকে তাকাই, তখন দেখতে পাই যে পরিচালন পরিবেশ এখনও চ্যালেঞ্জপূর্ণ এবং সামনের পথ আত্মতুষ্টির নয়, বরং অব্যাহত শৃঙ্খলা ও অধ্যবসায়ের দাবি রাখে। আন্তর্জাতিক মুদ্রা তহবিল (IMF) ২০২৬ অর্থবছরে বাংলাদেশের প্রবৃদ্ধি প্রায় ৪.৭ শতাংশ হবে বলে পূর্বাভাস দিয়েছে, যা ধীরে ধীরে মধ্যমেয়াদি ৬ শতাংশ সম্ভাব্য প্রবৃদ্ধির দিকে ফিরে যাওয়ার ইঙ্গিত বহন করে। একই সঙ্গে মূল্যস্ফীতি ধীরে ধীরে হ্রাস পাওয়ার প্রত্যাশা করা হচ্ছে। ব্যাংকিং খাত ক্রমান্বয়ে Expected Credit Loss (ECL) কাঠামো এবং অধিকতর অগ্রগামী Risk-Based Supervision ব্যবস্থার আওতায় প্রবেশ করবে। এই নিয়ন্ত্রক পরিবর্তনগুলো বাস্তবায়নের জন্য সক্ষমতা বৃদ্ধি, সুপরিকল্পিত প্রস্তুতি এবং বাংলাদেশ ব্যাংকের সঙ্গে সক্রিয় সম্পৃক্ততা অপরিহার্য হবে।

আগামী বছরের জন্য আমাদের কৌশলগত অগ্রাধিকারসমূহ সুস্পষ্ট ও সুসংগঠিত: ঋণ পুনরুদ্ধার কার্যক্রম জোরদার করা, চাপগ্রস্ত ঋণের কাঠামোগত পুনর্বিন্যাস এবং শৃঙ্খলাপূর্ণ ঋণ বিতরণের মাধ্যমে সম্পদের গুণগত মানের আরও উন্নতি সাধন; সংরক্ষিত আয়, ঝুঁকি-ভারযুক্ত সম্পদের সর্বোত্তম ব্যবস্থাপনা এবং প্রয়োজন অনুযায়ী মূলধনী উপকরণের বিচক্ষণ ব্যবহার করে নিয়ন্ত্রক ন্যূনতম সীমার চেয়ে অর্থবহভাবে উচ্চতর মূলধন সক্ষমতা গড়ে তোলা; স্থিতিশীল ও দীর্ঘমেয়াদি তহবিলের ভিত্তি হিসেবে রিটেইল ব্যাংকিং ও এসএমই খাতকে আরও শক্তিশালী করা; নীতিগত সুদের হার হ্রাসের সঙ্গে সঙ্গে নিট সুদ মার্জিন পুনরুদ্ধার করা; ট্রেড ফাইন্যান্স, কার্ড ব্যবসা, ট্রেজারি কার্যক্রম এবং ডিজিটাল চ্যানেলের মাধ্যমে অ-সুদভিত্তিক আয়ের উৎস সম্প্রসারণ করা; প্রতিটি ঋণ সিদ্ধান্তে টেকসই উন্নয়ন এবং জলবায়ু-সংক্রান্ত বিবেচনাকে অবিচ্ছেদ্য অংশ হিসেবে অন্তর্ভুক্ত করা। এই অগ্রাধিকারগুলো বিচ্ছিন্ন কোনো উদ্যোগ নয়; বরং একটি সমন্বিত ও সুসংহত কৌশলের অংশ, যার উদ্দেশ্য আগামী বছরগুলোতে ধৈর্য, শৃঙ্খলা এবং ধারাবাহিক বাস্তবায়নের মাধ্যমে প্রতিষ্ঠানকে আরও শক্তিশালী করে তোলা।

## কৃতজ্ঞতা

২০২৫ সালের অগ্রগতি সম্ভব হয়েছে বহু অংশীজনের দিকনির্দেশনা, সহযোগিতা ও আস্থার মাধ্যমে। তাঁদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশের মধ্য দিয়েই আমি আমার বক্তব্য শেষ করতে চাই।

বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (BSEC), ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (FRC), জাতীয় রাজস্ব বোর্ড (NBR), ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ এবং রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ অ্যান্ড ফার্মস (RJSC&F)-এর প্রতি আমরা আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। আর্থিক খাতের সুশাসন নিশ্চিতকরণে তাঁদের নেতৃত্ব, গঠনমূলক সহযোগিতা এবং নীতিনিষ্ঠ সম্পৃক্ততা এ বছরের ফলাফল অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। তাঁদের দিকনির্দেশনা, সতর্ক তদারকি এবং আর্থিক ব্যবস্থার দীর্ঘমেয়াদি স্থিতিশীলতার প্রতি অঙ্গীকার দায়িত্বশীল ব্যাংকিংয়ের ভিত্তিকে সুদৃঢ় করেছে।

মার্কেন্টাইল ব্যাংক পিএলসি.-এর পরিচালনা পর্ষদের সম্মানিত সহ-পরিচালকদের প্রতিও আমি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি। বিগত বছরজুড়ে প্রতিটি আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় আপনাদের সক্রিয় অংশগ্রহণ, বিচক্ষণতা এবং শৃঙ্খলাবোধ এই প্রতিষ্ঠানের অগ্রগতিতে গুরুত্বপূর্ণ অবদান রেখেছে। পরিচালনা পর্ষদ থেকে প্রাপ্ত মূল্যবান পরামর্শ ও দিকনির্দেশনাই আমাদের এগিয়ে যাওয়ার অন্যতম শক্তি।

আমাদের ব্যবস্থাপনা পরিচালক এবং মার্কেন্টাইল ব্যাংক পিএলসি. ও এর সহযোগী প্রতিষ্ঠানসমূহের সকল সহকর্মীর প্রতিও আমি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি। বার্ষিক সাধারণ সভায় উপস্থাপিত এই পরিচালন ফলাফল একটি জটিল ও চ্যালেঞ্জপূর্ণ বছরে আপনাদের নিরলস, প্রায়শই অদৃশ্য কিন্তু অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রচেষ্টারই প্রতিফলন। আপনাদের নিষ্ঠা, যত্নশীলতা এবং পেশাদারিত্ব প্রতিদিন এই প্রতিষ্ঠানকে এগিয়ে নিয়ে যাচ্ছে।

এবং সর্বোপরি, আমাদের সম্মানিত শেয়ারহোল্ডার, গ্রাহক ও অংশীদারদের প্রতি জানাই আন্তরিক কৃতজ্ঞতা। আপনাদের আস্থাই আমাদের কার্যক্রমের মূল ভিত্তি। এই আস্থার রক্ষক হতে পেরে আমরা গর্বিত এবং আগামী দিনগুলোতেও ধৈর্য, শৃঙ্খলা ও বিচক্ষণতার সঙ্গে কাজ করে আপনাদের সেই আস্থা অর্জন ও ধরে রাখার অঙ্গীকার পুনর্ব্যক্ত করছি।

মহান আল্লাহ আমাদের এই সম্মিলিত যাত্রাকে অব্যাহতভাবে আশীর্বাদ করুন এবং আমাদের আরও সাফল্য ও সমৃদ্ধির পথে পরিচালিত করুন।



**মোঃ আনোয়ারুল হক**
চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ